মুজিবনগরে পলাশীপাড়ার ২ দিন ব্যাপি প্রশিক্ষণ শেষ, সনদ বিতরণ

মুজিবনগরে “দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচী” ‘উন্নয়নে যুব সমাজ” কার্যক্রমের আওতায় ‘স্বপ্ন আমার উদ্যোক্তা হবো’ শীর্ষক ভিডিও ভিত্তিক প্রশিক্ষন কর্মশালা শেষে সদন বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুরে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)এর অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর বাস্তবায়নে, সমিতির মুজিবনগর উপজেলার মোনাখালি অফিস হল রুমে এ প্রশিক্ষন ও সনদ বিতরণ অনুষ্ঠিত হয়।

সনদ বিতরণ অনুষ্ঠানে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর মোনাখালি ব্রাঞ্চ ম্যানেজার মোহাম্মদ হাসানুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন। এছাড়াও উপস্হিত ছিলেন, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর সমাজ উন্নয়ন কর্মকর্তা রহিম আক্তার সাগর।

“দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচী” ‘উন্নয়নে যুব সমাজ” কার্যক্রমের আওতায় ‘স্বপ্ন আমার উদ্যোক্তা হবো’ শীর্ষক ভিডিও ভিত্তিক প্রশিক্ষনের আওতায় ২০০ জনকে প্রশিক্ষন দেওয়া হবে।

এ পর্যন্ত ৪ ধাপে ২৫ জন করে ১০০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে বলে জানান ব্রাঞ্চ ম্যানেজার মোহাম্মদ হাসানুজ্জামান।

রাজনৈতিক বিশ্লেষক ও সাংবাদিক সৈকত রুশদীর জন্মদিন আজ

মেহেরপুরের কৃতি সন্তান কানাডা প্রবাসী, রাজনৈতিক বিশ্লেষক, সাংবাদিক, বেতার ও টেলিভিশন ভাষ্যকার লেখক ও কবি সৈকত রুশদীর ৬৫তম জন্মদিন আজ।
বাংলাদেশে কানাডা, অস্ট্রেলিয়া ও ব্রিটেনের দূতাবাসে তিনি রাজনৈতিক বিশ্লেষক ও জনবিষয়ক কর্মকর্তা হিসেবেও ১৯৯২ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত কাজ করেছেন। বর্তমানে তিনি কানাডায় সিশন নামের একটি আন্তর্জাতিক গণমাধ্যম পর্যবেক্ষণ প্রতিষ্ঠানে মূল্যায়ন সম্পাদক ও গণমাধ্যম বিশ্লেষক হিসেবে কর্মরত রয়েছেন।
তিনি ঢাকায় জাতীয় প্রেস ক্লাবের নির্বাচিত যুগ্ম সম্পাদক (১৯৯১-১৯৯২) ছিলেন। বিবিসি ছাড়াও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, ভয়েস অব আমেরিকা, চ্যানেল আই, এটিএন কানাডা ও এক্সএম স্যাটেলাইট রেডিওসহ অসংখ্য গণমাধ্যমে সাংবাদিক ও সম্প্রচারক হিসেবে কাজ রেখেছেন। তিনি ১৯৮৩ থেকে ১৯৮৬ পর্যন্ত বিবিসি ওয়ার্ল্ড সার্ভিসের লন্ডনস্থ সদর দফতরে সম্প্রচারক হিসেবে কাজ করেছেন।
সৈকত রুশদি ১৯৫৯ সালের ৫ নভেম্বর মেহেরপুরে জন্মগ্রহণ করেন। মেহেরপুরে প্রাথমিক শিক্ষা শেষ করেন। পরে ঢাকার ইন্টারমিডিয়েট টেকনিক্যাল কলেজ থেকে ১৯৭৪ সালে এসএসসি এবং আদমজী ক্যান্টনমেন্ট কলেজ থেকে ১৯৭৬ সালে এইচএসসি পাশ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগ থেকে ১৯৮০ সালে সমাজবিজ্ঞানে সম্মানসহ স্নাতক , ১৯৮১ সালে সমাজবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন । সাংবাদিক হিসেবে তাঁর পেশাগত জীবন শুরু হয় ১৯৭৮ সালে সাপ্তাহিক বিচিত্রায় প্রদায়ক হিসেবে। ১৯৯২ সাল পর্যন্ত তিনি তিনটি জাতীয় দৈনিক পত্রিকা (দৈনিক দেশ, দৈনিক খবর ও দ্য বাংলাদেশ টাইমস) এবং তিনটি সাপ্তাহিকীতে (বিচিত্রা, মতামত ও কলকাতা থেকে প্রকাশিত দেশ) কাজ করেন।
তাঁর প্রকাশনার মধ্যে রয়েছে: অমর একুশে, বায়ান্নোর ভাষা আন্দোলনের উপরে সংকলন (লন্ডন, ১৯৮৪, সম্পাদক); হল্ট গ্রিনহাউজ, পরিবেশ বিষয়ক সংকলন (ঢাকা, ১৯৯১, সম্পাদক, বিকাশ চৌধুরী বড়ুয়া সহ); ও;অচিন পাখি, উপন্যাস (ঢাকা, ২০০২ ও ২০২০)। কাঠের কাজ: শহীদ মিনার, বাংলাদেশ সেন্টার (লন্ডন, ১৯৮৪)।
স্ত্রী গণমাধ্যম বিশ্লেষক ও কবি শিউলী জাহান রুশদী হক এবং একমাত্র সন্তান টরন্টো বিশ্ববিদ্যালয়ের স্নাতক উপল রুশদী হকসহ তিনি কানাডায় বসবাস করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলোচনা সভা ও শ্রেষ্ঠ সমবায়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে

আজ শনিবার (৪ নভেম্বর) সকাল ১০টায় উপজেলা পরিষদ সভা কক্ষে আলোচনা সভার আয়োজন করে উপজেলা সমবায় অফিস ও উপজেলা প্রশাসন।

জাতীয় সমবায় দিবস সরকার ঘোষিত একটি জাতীয় দিবস। সমবায় সম্পর্কে জনগণকে সচেতন করা এবং সমবায় আন্দোলনে গতিশীলতা আনতে প্রতিবছর নভেম্বর মাসের প্রথম শনিবার দিবসটি দেশব্যাপী উদযাপন করা হয়। এরই ধারাবাহিকতায় গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু এর সঞ্চালনায় বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা মৎস্য কর্মকর্তা খন্দকার সাহিদুর রহমান, উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কোষাধ্যক্ষ প্রভাষক নাসির উদ্দিন, গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার ও বীর মুক্তিযোদ্ধা মুনতাজ আলী, জেলা জাতীয় পার্টির সভাপতি (জেপি) আব্দুল হালিম, বিশিষ্ট আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর প্রাক্তন সভাপতি আবুল কাশেম, দুর্লভপুর সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিমিটেড এর সভাপতি মশিউর রহমান পলাশ প্রমুখ।

জাতীয় সমবায় দিবস উপলক্ষে শ্রেষ্ঠ ক্যাটাগরিতে ৩টি সমবায় সমিতিতে পুরস্কার প্রদান করা হয়েছে। সমবায় সমিতি গুলো হল- চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, নাগদার খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ ও কুমারীডাঙ্গা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ। সফল সমবায় সমিতি ক্যাটাগরিতে গাংনী উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডকে পুরস্কার প্রদান করা হয়েছে।

এ সময় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন সমবায় সমিতির প্রায় ২ শত নারী ও পুরুষ সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ধলা গ্রামের আয়োজনে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত

গাংনীর ধলা গ্রামের আয়োজনে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেল ৩ টার সময় কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দ পুর ধলা গ্রাম বাসীর আয়োজনে ফুটবল টুর্নামেন্টে এক দিকে অংশগ্রহণ করেন কুতুবপুর ফুটবল একাদশ অপরদিকে অংশগ্রহণ করেন বেলতলাপাড়া ফুটবল একাদশ। ১-০ গোলে কুতুবপুর ফুটবল একাদশ কে হারিয়ে বেলতলাপাড়া ফুটবল একাদশ বিজয় লাভ করেন।

ফাইনাল খেলায় ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইয়ারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সাংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনারুল ইসলাম বাবু, মেহেরপুর সদরে জেলাপরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক মঙ্গল, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, কাথুলী ইউনিয়ন পরিষদে মেম্বার জিনারুল, ফারুক মিয়া,আনারুল ইসলাম, খেলা পরিচালনায় বাশারুল ইসলাম, মামুন,আকাশ,গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি পলাশ আহম্মেদ, মেহেরপুর জেলা ছাত্রলীগের সবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম, রেফারি হিসেবে দায়িত্ব পালন করেন মাহাবুব আলম ও সহযোগী রেফারিবৃন্দ।

ধলা ক্যাম্পের ইনচার্জ তৌহিদুল ইসলাম এ এস আই আবুল কালাম সহ খেলোয়াড় বৃন্দ ও মাঠের কানায় কানায় পরিপূর্ণ খেলাপ্রেমী দর্শকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় সমবায় দিবস পালিত

“সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে ৫২ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও র্যালীর আয়োজন করা হয়।

শনিবার (৪ নভেম্বর) বেলা সাড়ে বারোটার দিকে জেলা প্রশাসন ও জেলা সমবায় কার্যালয়ের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়‌।

মেহেরপুর জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।
প্রোগ্রাম ম্যানেজার
মোঃ রোকনুজ্জামান
তুষারের সঞ্চালনায় এসময়
জেলা সমবায় কর্মকর্তা
প্রভাষ চন্দ্র বালা,বীর
মুক্তিযোদ্ধা আব্দুল
হালিম,জেলা আওয়ামী
লীগের সাধারণ সম্পাদক
এমএ খালেক,যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহিন প্রমুখ উপস্থিত ছিলেন।



আলোচনা সভার আগে একটা র্যালী বের করা হয়। র্যালী জেলা প্রশাসন কার্যালয় চত্বর থেকে শুরু করে জেলা শিল্পকলা একাডেমীতে এসে শেষ হয়।
পরে সেখানে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

[redacted]

‘[redacted]-[redacted] [redacted], [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

[redacted]

[

৯৯৯ এ ফোন দিয়ে সহযোগিতা না পাওয়ার অভিযোগে সংবাদ সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার যাদবপুরের মৃত আতাহার আলীর ছেলে মোঃ মতিউর রহমান জাতীয় জরুরি সেবা ৯৯৯ এ কল দিয়েও পুলিশের সহযোগীতা না পেয়ে সংবাদ সম্মেলন করেছেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে মতিউর রহমান বলেন, ‘ আমার পিতার নামিও রাজাপুর মৌজার ৫৩ শতক জমিতে মেহগনি গাছের বাগান আছে। আসামী বজলু, আবিদুল, বদরুল, বুলবুল, হাবিব, রাজ্জাক, আতিয়ার সহ বেশ কয়েকজন গত ১৬ সেপ্টেম্বর উক্ত জমি থেকে ৬টি মেহগুনি গাছ চুরি করার উদ্দেশ্যে কেটে ফেলে। এসময়ে মেহেরপুর থানা পুলিশকে খবর দিলে ঘটনাস্থলে দ্রুত পুলিশ আসলে, আসামীরা গাছ ফেলে পালিয়ে যায়। এতে আমাদের ৮০,০০০ /- (আশি হাজার) টাকার ক্ষতি হয়। ঐ ঘটনায় পুলিশ মামলা না নিলে আমার বোন শরিফা বাদী হয়ে মেহেরপুর সদর আমলী আদালতে আসামীদের বিরুদ্ধে মামলা দায়ের করেন।

পরে আসামীরা আজ শুক্রবার (৩ নভেম্বর) সকাল ৮ টা হতে দুপুর ১২ টা পর্যন্ত নালিশী জমিতে সাঙ্গ-পাঙ্গসহ দলবদ্ধ ভাবে হাজির হয়ে গাছ চুরি করার উদ্দেশ্যে গাছ কাটতে থাকে। আমরা খবর পেয়ে ঘটনাস্থলে হাজির হয়ে আসামীদের গাছ কাটতে নিষেধ করলে এবং গাছ কাটার দৃশ্য ভিডিও করতে গেলে আসামীরা আমাদের কে ঘিরে ফেলে। আসামীদের হাতে দেশীয় অস্ত্র ছিল (দা, কুড়াল, ইত্যাদি)। আসামীরা আমাদের হত্যার হুমকি দিয়ে আমাদের হাতের মোবাইল কেড়ে নিয়ে উক্ত ভিডিও মুছে দেয়। আসামীরা আনুমানিক ৪০ টি গাছ কেটে চুরি করে আনুমানিক ৪ লক্ষ টাকার ক্ষতি করে। এসময়ে আমরা ৯৯৯ এ কল দিয়ে পুলিশের সহযোগীতা চাইলেও পুলিশ ঘটনাস্থলে আসে নাই।

পরে আমি মেহেরপুর থানায় উপস্থিত হয়ে ওসি সাহেবকে ঘটনা বললেও তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই। আমি মামলা করতে চাইলেও তিনি মামলা গ্রহণ করেন নাই। ওসি সাহেব বলেন আদালতের আদেশ পেলে ঘটনাস্থলে যাব। আমি নিরুপায় হয়ে থানা থেকে ফেরত আসি। আমরা এই ঘটনায় চরম অসহায় ও আতঙ্কিত হয়ে পড়েছি। জীবনের ও সম্পত্তির নিরাপত্তার জন্য সংবাদ সম্মেলন করছি।

মুজিবনগরে জেল হত্যা দিবসে স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ

মুজিবনগরে ৩রা নভেম্বর জেল হত্যা দিবস উপলক্ষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধ এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনকরে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন উপজেলা যুবমহিলালীগ ও উপজেলা স্বেচ্ছাসেবকলীগ।

দিবসটি উপলক্ষে শুক্রবার সকালে দিবসটি উপলক্ষে উপজেলা যুবমহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন ও সাধারণ সম্পাদক তহমিনা খাতুনের নেতৃত্বে যুব মহিলা লীগ এবং উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন এবং সদস্য সচিব আইয়ুব হোসেনের নেতৃত্বে স্বেচ্ছাসেবকলীগ মুজিবনগর স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে।

পরে সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় ১ মিনিট নিরবতা পালন এবং দোয়া করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক লীগ নেতা শাহ ওয়ালিউল্লাহ সোহাগ, আওয়ামী লীগ নেতা হাসানুজ্জামান লালটু, জহির উদ্দিন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ, সাধারণ সম্পাদক সোহাগ, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাহজাহান সিরাজ দোলন, সম্পাদক লিংকন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আবু নাঈম ডালিম, সম্পাদক আলাউদ্দিনসহ যুব মহিলা লীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতা কর্মীবৃন্দ।